

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
জেলা কার্যালয়ের অফিস  
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.২২.৩৯৮

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯

০২ নভেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ০২ নভেম্বর ২০২২ তারিখে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকির তথ্য।

কালীগঞ্জ উপজেলায় ০৩ টি প্রতিষ্ঠানকে ০৭ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ জিয়াউল হক এর নেতৃত্বে কালীগঞ্জ উপজেলার মেইন বাসস্ট্যান্ড এলাকায় বাজার তদারকি করা হয়। এসময় নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যপণ্য প্রস্তুত ও সংরক্ষণ এবং খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্য মিশ্রনের অপরাধে ঘোষ সুইটস এন্ড হোটেল কে ২০০০/- (দুই হাজার) টাকা ও বাগাট মিষ্টান্ন ভান্ডার কে ২০০০/- (দুই হাজার) টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও ফিজিশিয়ান স্যাম্পল বিক্রয়/ বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ ও প্রদর্শন করার অপরাধে জাহিদ ফার্মেসি কে ৩০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ৭০০০/- (সাত হাজার) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়। পাশাপাশি উপস্থিত জনগণকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন করা হয়।

আজকের বাজার তদারকিকালে ১০ টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। বাজার তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব মো: আলমগীর কবির, পৌর স্যানিটারি ইন্সপেক্টর, কালীগঞ্জ পৌরসভা, ঝিনাইদহ এবং জনাব শিবু পদ বিশ্বাস, সাধারণ সম্পাদক, ক্যাব, কালীগঞ্জ শাখা, ঝিনাইদহ। আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

২-১১-২০২২

মোহাম্মদ জিয়াউল হক

সহকারী পরিচালক

ফোন: ০২৪৭৭৭৪৬৬৫০

ইমেইল: ad-

[jhenaidah@dncrp.gov.bd](mailto:jhenaidah@dncrp.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।

- ৩) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ।
- ৫) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সম্পাদক/বার্তা সম্পাদক, ....., ঝিনাইদহ (আপনার বহুল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৭) অফিস কপি।